

3rd India-New Zealand Foreign Office Consultations

May 25, 2021

ভারত-নিউজিল্যান্ড বৈদেশিক দফতরের তৃতীয় মন্ত্রণাসভা

মে 25, 2021

1. 25 মে, 2021 তারিখে ভারত ও নিউজিল্যান্ডের মধ্যে বৈদেশিক দফতরের তৃতীয় মন্ত্রণাসভা ভারুয়াল মাধ্যমে অনুষ্ঠিত হয়েছিল। সচিব (পূর্ব) শ্রীমতি রিতা গাঙ্গুলি দাস, ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন এবং নিউজিল্যান্ডের প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন বিদেশ ও বাণিজ্য মন্ত্রকের, আমেরিকা ও এশিয়া গ্রুপের উপ-সচিব, মিঃ মার্ক সিনক্লেয়ার। পূর্ববর্তী পর্যায়ের আলোচনাসভাগুলি 2019 সালের ফেব্রুয়ারী মাসে নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়েছিল।
2. বর্তমান দ্বিপাক্ষিক সহযোগিতার ব্যাপক পর্যালোচনা করে, উভয় পক্ষ প্রতিরক্ষা ও সুরক্ষা, বাণিজ্য ও বিনিয়োগ, মহাকাশ, সন্ত্রাসবাদ, সাইবার সুরক্ষা, নিরস্ত্রীকরণ এবং জলবায়ু পরিবর্তন সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতার গভীরতা এবং গতি বৃদ্ধি করার জন্য এবং মানবিক সম্পর্কগুলি শক্তিশালীকরণের জন্য গৃহীত পদক্ষেপ নিয়ে আলোচনা করেছে।
3. COVID-19 মহামারীর প্রতিক্রিয়া, এবং বিশ্বব্যাপী COVID ভ্যাকসিন এবং ওষুধের অ্যাক্সেস সম্পর্কেও আলোচনা করা হয়েছিল।
4. উভয় পক্ষই বিভিন্ন আঞ্চলিক বিষয়ে মতবিনিময় করেন। একটি নিয়ম-ভিত্তিক আন্তর্জাতিক শৃঙ্খলা এবং একটি স্বাধীন, অবাধ এবং সর্বাঙ্গিক ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য তাঁরা ঘনিষ্ঠ সহযোগিতার গুরুত্ব পুনর্ব্যক্ত করেন। পাশাপাশি বহুপাক্ষিক ও আঞ্চলিক সমন্বয় জোরদারের উপায়গুলি নিয়েও আলোচনা করেন।
5. বন্ধুত্ব ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে মন্ত্রণা সভাটি অনুষ্ঠিত হয়। পারস্পরিক সুবিধাজনক তারিখে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণে উভয় পক্ষই সম্মত হয়েছিল।

নিউ দিল্লি

মে 25, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.